দৈনিক ইত্তেফাক

NOV. 23 2001

তারিখ ... ... ... ... ... ... ...

পৃষ্ঠা ... কলাম ...



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বহির্বিভাগে তালা —শামসুদ্দীন আহমদ চারু

# বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আবার পিজি হবে

## সরকারী নার্স-কর্মচারীদের ধর্মঘট প্রত্যাহার ॥ আন্দোলনে যাচ্ছেন বিশ্ববিদ্যালয়ের ডাক্তার-নার্স-কর্মচারীরা

আবুল খায়ের ॥ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সরকারী নার্স এবং তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীরা গতকাল বৃহস্পতিবার অপরাহ্নে ধর্মঘট প্রত্যাহার করেছেন। স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে কর্মচারী নেতৃবৃন্দের আলোচনার পরিপ্রেক্ষিতে তারা কর্মসূচী প্রত্যাহারের ঘোষণা দেন। এদিকে আগামীকাল শনিবার থেকে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডাক্তার, নার্স এবং তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীরা আন্দোলনে যাচ্ছেন বলে তারা জানিয়েছেন। মূলতঃ সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ (২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## আবার পিজি হবে

(প্রথম পৃঃ পর)

মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শাখা কর্মসূচী প্রত্যাহার করলেও পরিস্থিতির উন্নতি হয়নি। মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ-বিপক্ষ গ্রুপের বিরোধের কারণে দেশের একমাত্র উচ্চতর চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানটি সম্পূর্ণ অচল হয়ে পড়েছে। উভয় গ্রুপের মিছিল বের করা নিয়ে গতকাল সেখানে উত্তপ্ত পরিবেশ ছিল; মারমারির উপক্রম পর্যন্ত হয়েছিলো। মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে দুপুরে চিকিৎসক এবং তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের একাংশ মিছিল বের করলে সরকারী তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীরা কয়েক দফা বাধা দেন। পুলিশের হস্তক্ষেপের ফলে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেনি। মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দের পরিচালনায় মিছিলটি জাতীয় প্রেসক্লাবে গিয়ে শেষ হয়।

গতকাল স্বাস্থ্য মন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেনের সঙ্গে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত সরকারী কর্মচারী সমন্বয় পরিষদের নেতৃবৃন্দের আলোচনা হয়। সভায় মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে পুনরায় পিজি হাসপাতালে রূপান্তর এবং ভুল চিকিৎসায় নার্স শামসুন্নাহারের মৃত্যুর জন্য দায়ী চিকিৎসকদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করা নিয়ে আলোচনা হয়। আলোচনায় স্বাস্থ্যমন্ত্রী 'পিজি হাসপাতালকে পূর্বের অবস্থানে' ফিরিয়ে আনার বিষয়ে নীতিগতভাবে ঐকমত্য পোষণ এবং নার্স শামসুন্নাহারের ভুল চিকিৎসার অভিযোগে গঠিত তদন্ত কমিটিকে ৭ দিনের মধ্যে রিপোর্ট পেশের নির্দেশ দেন। তিনি দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। এরপর সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ নেতৃবৃন্দ আন্দোলনের কর্মসূচী প্রত্যাহারের ঘোষণা দেন। বৈঠকে সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আবুল কাশেম, সাধারণ সম্পাদিকা শামীমা আক্তার ও সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ হোসেন এবং সমন্বয় পরিষদের কেন্দ্রীয় মহাসচিব সালেহ উদ্দিন সেলিম উপস্থিত ছিলেন।

সরকারী নার্স এবং তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে পুনরায় পিজি হাসপাতালে রূপান্তরের ও নার্স শামসুন্নাহারের ভুল চিকিৎসায় মৃত্যুর জন্য দায়ী চিকিৎসকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে আন্দোলনের কর্মসূচী ঘোষণা দেয়। তাদের কর্মসূচীর ফলে জরুরী বিভাগ ও বহির্বিভাগ বন্ধ হয়ে যায়। অক্সিজেন সরবরাহ বন্ধ থাকে। নির্ধারিত অপারেশন ও জরুরী অপারেশন বন্ধ থাকে। গতকাল মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কিডনি, নিউরোসার্জারিসহ বিভিন্ন ওয়ার্ডে গিয়ে চিকিৎসাধীন রোগীদের অবর্ণনীয় দুর্দশার চিত্র দেখা গেছে। সকাল বেলায় চিকিৎসক

